

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

মোংলা বন্দর শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/০১ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ১৮.০০.০০০০.০২২.১১.০০৮.২০১৯-৯৭—জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৯ শাখার ২৯ ডিসেম্বর, ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৫৮.১৫.০০৯.১৪.৩৩৯ নং স্মারক ও অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন-অধিশাখা-৩ এর ০৫-০২-২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.১৮.০৩৯.১২-২২ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-১০-২০২০ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১২.২০-২৫২ সংখ্যক স্মারকে প্রেরিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২০ সালের ১২তম সভার সিদ্ধান্ত মোতাবেক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন মোংলা বন্দর কর্তৃপক্ষের হাসপাতালে কর্মরত ডিপ্লোমাদারী সিনিয়র স্টাফ নার্সদের বেতন স্কেল ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীতকরণে নিম্নবর্ণিত শর্তে মঞ্জুরি জ্ঞাপন করছি :

ক্রঃ নং	পদের নাম ও পদ সংখ্যা	পূর্বে বিদ্যমান বেতন গ্রেড (জাঃবেঃস্কেল, ২০১৫ অনুযায়ী)	অর্থ বিভাগ কর্তৃক উন্নীতকরণকৃত বেতন গ্রেড (জাঃবেঃস্কেল, ২০১৫ অনুযায়ী)	মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী প্রবিধানমালা, ১৯৯১ (সংশোধিত) নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১.	সিনিয়র স্টাফ নার্স ১০(দশ)টি	টাঃ ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১)	টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)	মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী প্রবিধানমালা, ১৯৯১ (সংশোধিত) এর তফসিলের ক্রমিক-৪৫ অনুযায়ী।

(১২০৭১)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলি :

- (১) উপরের ছকের ৪নং কলামে উন্নীত বেতন গ্রেড এ আদেশ জারির তারিখ হতে ৫ নং কলামের শর্তানুযায়ী কার্যকর হবে, উক্ত শর্তের ব্যত্যয় ঘটানো যাবে না;
- (২) সিনিয়র স্টাফ নার্স পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে “কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত” হতে হবে;
- (৩) উক্ত পদসমূহের বেতন-ভাতা মোংলা বন্দর কর্তৃপক্ষের সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে; এবং
- (৪) বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাইফুল ইসলাম
উপসচিব।